

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- টিএসসি/প্রকল্প/২০০৪/১৫০১/অংশ-৪/২৭৫

তারিখ : ২৬/০২/২০১৭ খ্রিঃ

বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথম বি,এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।

সূত্র : টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের স্মারক নং-টিটিটিসি/একা/১২ তারিখ: ০২/০২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বি,এসসি ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস) কোর্সে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণকে ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলী অনুসরণ করে আগামী ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত : ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ০১ কপি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



অনুলিপি :

- ০১। পরিচালক (প্রশাসন/ ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ০৪। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ০৫। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কসপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্মারক নং-টিটিটিসি/বি,এসসি/একা/১১

তারিখঃ ০২/০২/২০১৭ ইং।

প্রথম বর্ষ বি,এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) কোর্সে

ভর্তি বিজ্ঞপ্তি

(সেশনঃ ২০১৬-২০১৭)

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২ (দুই) বৎসর মেয়াদী বি,এসসি-ইন-টেকনিক্যাল এডুকেশন (সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) কোর্সে (ইন-সার্ভিস ও প্রি-সার্ভিস) প্রথম বর্ষে প্রশিক্ষনার্থী ভর্তির জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে সিভিল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক/মেকানিক্যাল টেকনোলজীতে “ডিপ্লোমা-ইন-টেকনিক্যাল এডুকেশন” সনদ প্রাপ্ত অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ইতোপূর্বে যারা উক্ত কোর্সে ভর্তির জন্য আবেদন করে ভর্তি হওয়ার সুযোগ পায় নাই তারাও আবেদন করতে পারবে।

- ১। ভর্তি ইচ্ছুক প্রার্থী নিম্নস্বাক্ষরকারীর অফিসে ৩০০ (তিন শত) টাকা জমা দিয়ে ০৪/০২/২০১৭ইং তারিখ থেকে ২০/০২/২০১৭ ইং তারিখ পর্যন্ত (সকাল ৯:৩০ ঘটিকা হতে বেলা ৪:০০ ঘটিকা) ফরম সংগ্রহ করতে পারবে। নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ পূর্বক এস,এসসি, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশনের সার্টিফিকেট ও মার্কসীটের সত্যায়িত অনুলিপি, ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চারিত্রিক সার্টিফিকেটসহ আগামী ২৩/০২/২০১৭ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।
- ২। আবেদনকারীদের মধ্য থেকে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষনার্থী নির্বাচন করা হবে।
- ৩। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। পূর্ণকালীন এই কোর্সে অধ্যয়নকালে অন্য কোন কোর্সে অধ্যয়ন বা চাকুরী করা যাবে না।
- ৫। চাকুরীরত প্রার্থীদের ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র জমা দিতে হবে।
- ৬। ভর্তির সময়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশনের মূল সনদপত্র দেখাতে হবে এবং রেজিস্ট্রেশনের জন্য দুই কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
- ৭। লিখিত/মৌখিক পরীক্ষার জন্য বাছাইকৃত প্রার্থীদের নামের তালিকা কলেজের নোটিশ বোর্ডে ২৫/০২/২০১৭ইং তারিখ দেওয়া হবে। ২৬/০২/২০১৭ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকায় লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং ২৭/০২/২০১৭ইং তারিখ চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা নোটিশ বোর্ডে দেওয়া হবে এবং ঐ দিন হতে ভর্তি শুরু হয়ে ০৬/০৩/১৭ইং তারিখ পর্যন্ত চলবে। প্রতিদিন সকাল ৯:৩০ ঘটিকা হতে বেলা ৪:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি করা হবে। এ ব্যাপারে আলাদাভাবে কোন চিঠি দেয়া হবে না। প্রার্থীকে নিজ দায়িত্বে নোটিশ বোর্ড দেখে নিতে হবে।
- ৮। ১১/০৩/২০১৭ইং তারিখ হতে ক্লাশ শুরু হবে।
- ৯। ভর্তির সময় ১ম বর্ষের জন্য নির্ধারিত ৬,৯৪৫/= (ছয় হাজার নয় শত পয়তাল্লিশ) টাকা ফি জমা দিতে হবে, তবে টাকার এই পরিমাণ কম/বেশী হতে পারে। ফি এবং ভর্তি সংক্রান্ত অন্য কোন তথ্য কলেজ অফিস থেকে জানা যাবে।
- ১০। উল্লিখিত বিষয়ের আওতায় পড়েনা এমন সব বিষয়ে এবং ভর্তি সংক্রান্ত নিয়ম কানুন ও নীতিমালার ব্যাপারে বিতর্কিত প্রশ্নে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. প্রকৌঃ মোঃ রমজান আলী)

অধ্যক্ষ (অতিঃ দায়িত্ব)

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ

তেজগাঁও, ঢাকা-১২০৮

ফোন : ৯১১৪০৭৩, ৮১১৯৯২০ (ফ্যাক্স)